

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৪৯৯ ২৩/ বাণিজ্য ও উপার্জন পরিচ্ছেদঃ ক্রয়-বিক্রয় সম্পর্কিত কিছু বিধি-নিষেধ

আরবী

عَنْ عُرْوَةَ أَنَّ النَّبِيَّ عَيَّالِيُّ أَعْطَاهُ دِينَارًا يَشْتَرِي لَهُ بِهِ شَاةً فَاشْتَرَى لَهُ بِهِ شَاتَيْنِ فَبَاعَ إِحْدَاهُمَا بِدِينَارٍ وَجَاءَهُ بِدِينَارٍ وَشَاةٍ فَدَعَا لَهُ بِالْبَرَكَةِ فِي بَيْعِهِ وَكَانَ لَوْ اشْتَرَى التُّرَابَ لَرُبِحَ فِيهِ فَكَانَ لَوْ اشْتَرَى التُّرَابَ لَرُبِحَ فِيهِ

বাংলা

(২৪৯৯) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উরওয়াহ (রাঃ) কে একটি কুরবানীর পশু বা ছাগল খরীদ করতে একটি দীনার (স্বর্ণমুদ্রা) প্রদান করলেন। তিনি ঐ দীনার দ্বারা দুটি ছাগল খরীদ করলেন। অতঃপর একটিকে এক দীনারে বিক্রয় করে সেই দীনার সহ ঐ ছাগল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সমর্পণ করলে তিনি তাঁর ব্যবসায় বর্কতের দু'আ দিলেন। সুতরাং তিনি মাটি ক্রয় করলেও তাতে লাভবান হতেন। (বুখারী ৩৬৪২, আবু দাউদ ৩৩৮৪)

অনুরূপ তিনি হাকীম বিন হিযাম (রাঃ) কে একটি দীনার দিয়ে একটি কুরবানীর পশু ক্রয় করতে বলেছিলেন। তিনি দীনারটি দিয়ে একটি কুরবানীর পশু ক্রয় করে পুনরায় তা দুই দীনারে বিক্রয় করে দেন। অতঃপর একটি দীনার দ্বারা আবার একটি কুরবানীর পশু ক্রয় করে দীনার সহ পশু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে প্রদান করেন। তিনি দীনারটিকে সদকাহ করেছিলেন এবং হাকীমের ব্যবসায় বর্কতের দু'আ দিয়েছিলেন। (আবু দাউদ ৩৩৮৬, তিরমিয়ী ১২৮০, হাদীসটি যয়ীফ, দেখুন মিশকাতের টীকা, হাদীস ২৯৩৭, যয়ীফ আবু দাউদ ৭৩৩, আউনুল মা'বুদ ৯/২৩৮-২৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইবেরী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন